# চুয়াডাঙ্গা পৌরসভা কার্যালয়, চুয়াডাঙ্গা

www.chuadangapourashava.org
Email- chuadangapourasava@lgd.gov.bd

## পৌর প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তা প্রদান সমন্বয় কমিটির ৬ষ্ট সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব শারমিন আক্তার<br>প্রশাসক, চুয়াডাঙ্গা পৌরসভা |
| স্থান | : পৌরসভা মিলনায়তন |
| তারিখ | : ১৮/০৩/২০২৫ খ্রি. |
| সময় | : বেলা : ১১-০০ ঘটিকা |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। শুরুতে পৌরসভার সার্বিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয় এবং গত ২৫/০২/২০২৫ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পৌর নির্বাহী কর্মকর্তা পাঠ করে শোনান। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নে লিপিবদ্ধ করা হলো:-

অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ-**<br><br>সভাপতির অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। বিগত সভার কার্যবিবরণীতে কোন সংযোজন বিয়োজন না থাকায় তা সর্বসম্মত ভাবে দৃঢ়ীকরনের সিদ্ধান্ত গৃহিত হয়। | গত সভার কার্যবিবরণী সর্বসম্মতি ক্রমে অনুমোদন হয় | পৌর পরিষদ |
| ০২ | **ট্রেড লাইসেন্স প্রদান বিষয়ে আলোচনাঃ-**<br><br>সভায় উপস্থিত জনাব মোঃ মহসীন, নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা বলেন চুয়াডাঙ্গা পৌর এলাকার মধ্যে অবস্থিত ব্যবসায়ীগণের ট্রেড লাইসেন্স প্রদানের বিষয়ে লাইসেন্স শাখাকে আরো গতিশীল করতে হবে। প্রস্তাব মোতাবেক পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার লাইসেন্স পারিদর্শক জনাব মোঃ আব্দুল মুহাইমিন পলাশকে আরো সক্রিয় হওয়ার জন্য নির্দেশনা দেন। লাইসেন্স পারিদর্শক সভায় জানান ফেব্রুয়ারী'২০২৫ মাসে আয় হয়েছে ৩,৩১,২৩১/-টাকা। | ট্রেড লাইসেন্স পরিদর্শককে লাইসেন্স প্রদানের ক্ষেত্রে আরো সক্রিয় হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয় | লাইসেন্স শাখা |
| ০৩ | **পৌরসভার অবকাঠামো উন্নয়ন প্রসঙ্গে আলোচনাঃ-**<br><br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পানির পাম্প সংস্কার করার জন্য পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান কে সভায় উপস্থিত জনাব মোঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা এর সাথে পরামর্শ ক্রমে সিদ্ধান্ত নেওয়ার জন্য নির্দেশনা দেন। সভায় উপস্থিত পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার বলেন RFQ এর মাধ্যমে উক্ত কাজ বাস্তবায়ন করা যেতে পারে।<br><br>সভায় উপস্থিত পৌরসভার নক্সাকার জনাব মোঃ আল-আমিন কবির গৃহ নক্সার মিটিং এর জন্য সম্মানীর অনুমোদনের জন্য ১০০০/-টাকা (ভ্যাট আইটি কর্তন পূর্বক) প্রদানের প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক সভায় উপস্থিত সকলের সম্মতিক্রমে তা অনুমোদন দেন। সভায় উপস্থিত পৌরসভার নক্সাকার জনাব মোঃ আল-আমিন কবির জানান ফেব্রুয়ারী' ২০২৫ নক্সা অনুমোদন হয়েছে ০০টি ও দাখিল হয়েছে ২০টি। জানুয়ারী'২০২৫ মাসে নক্সা বাবদ আয় হয়েছে ৫,০৮,৮৫৫/-টাকা। | পানির পাম্প সংস্কার করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা এবং গৃহ নক্সার মিটিং এর জন্য সম্মানীর ক্ষেত্রে ১০০০/-টাকা (ভ্যাট আইটি কর্তন পূর্বক) প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী |
| ০৪ | **পৌরসভার বিগত মাসের আয় ব্যয় এর হিসাব বিবরণী প্রসঙ্গে আলোচনাঃ-**<br><br>সভায় উপস্থিত জনাব মোঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা। পৌরসভার জানুয়ারী'২৫ মাসের আয়-ব্যয়ের হিসাব জানতে চাইলে হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব | কম্পিউটারাইজড হিসাব সংরক্ষণ করার কাজ চলমান রাখা | হিসাব রক্ষণ কর্মকর্তা |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | মোঃ রিয়াজুল ইসলাম সভায় জানান যে, জানুয়ারী'২৫ মাসের মোট পানি শাখার আয় ৩১,২৭,৯৯৯.০০ টাকা ও ব্যয় ২৬,৫৩,০২৫.০০ টাকা সমাপনি জের ৪,৭৪,৯৭৪.০০ টাকা এবং রাজস্ব খাতের আয় ১,০১,৮৯,১০৩.০০ টাকা ও রাজস্ব খাতের মোট ব্যয় ৮০,৩৭,৩০১.০০ টাকা সমাপনি জের ২১,৫১,৮০২.০০ টাকা। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত আয় ব্যয়ের হিসাব সঠিক ভাবে সংরক্ষণ করার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | | |
| ০৫ | পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে আলোচনা:-<br><br>পৌরকর আদায়ের অগ্রগতি বিষয়ে জানতে চাওয়া হলে অত্র পৌরসভার এসেসর জনাব মোঃ জাহাঙ্গীর আলম সভায় জানান যে, ফেব্রুয়ারী/২৫ মাসে আদায় হয়েছে ১৫,৭০,৪১৪ টাকা। অর্ন্তবর্তীকালীন ১৪টি নতুন হোল্ডিং কর ধার্য্য করা হয়েছে। টাকার পরিমাণ= ১,৬১,২০০/-টাকা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব, শারমিন আক্তার পৌরকর আদায়ের জন্য স্ব-স্ব ওয়ার্ড ভিত্তিক বকেয়া লিষ্ট তৈরী পূর্বক আদায়ের জন্য দিক নির্দেশনা দেন। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী বকেয়া কর আদায়ের ক্ষেত্রে সকল কর আদায়কারীকে আরো তৎপর হওয়ার বিষয়ে নির্দ্দেশনা দেওয়া হয়। | পৌরকর আদায়ের জন্য স্ব-স্ব ওয়ার্ড ভিত্তিক বকেয়া লিষ্ট তৈরী করা এবং বকেয়া কর আদায়ের ক্ষেত্রে সকল কর আদায়কারীকে আরো তৎপর হওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | এসেসর |
| ০৬ | স্বাস্থ্য বিভাগের কার্যাবলী সর্ম্পকে আলোচনা:-<br><br>সভায় উপস্থিত দিল আরা চৌধুরী, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার, চুয়াডাঙ্গা ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা আলোচনাকালে জন্ম নিবন্ধন ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে জানতে চান। সভায় উপস্থিত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম সভায় জানান যে, ফেব্রুয়ারী'২৫ মাসে জন্ম নিবন্ধন হয়েছে ৭৯২টি পুরুষ=৩৯১ ও মহিলা=৪০১ এবং মৃত্যু নিবন্ধন হয়েছে ৩৮টি পুরুষ=২২ ও মহিলা=১৬। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের ক্ষেত্রে আবশ্যিকভাবে টার্গেট ফিলাব করতে হবে। সভায় উপস্থিত কমিটির সকল সদস্যদের সিদ্ধান্তের আলোকে জন্ম ও মৃত্যু নিবন্ধন শাখায় কর্মরত সকলকে আরও গুরুত্ব সহকারে দায়িত্ব পালন সহ শতভাগ অর্জনের বিষয়ে দিক নির্দেশনা দেন। | জন্ম নিবন্ধন শাখায় কর্মরত সকলকে আরও গুরুত্ব সহকারে দায়িত্ব পালনসহ জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রমের ক্ষেত্রে আবশ্যিকভাবে টার্গেট ফিলাব করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | সেনেটারী ইন্সপেক্টর |
| ০৭ | ক) স্যানিটেশন সম্পর্কে আলোচনা:-<br><br>ক) সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার সভায় চুয়াডাঙ্গা পৌর এলাকায় লাইসেন্সকৃত ক্লিনিক এবং ডায়াগনষ্টিক সেন্টারের সংখ্যা প্রসঙ্গে জানতে চাইলে সভায় উপস্থিত সেনেটারী ইন্সপেক্টর জনাব নার্গিস জাহান বলেন লাইসেন্সকৃত ডায়াগনষ্টিক সেন্টার ৪০টি এবং ক্লিনিকের সংখ্যা ২০টি। সিভিল সার্জন অফিসের লাইসেন্স নম্বর ও কোর্ড নম্বর উল্লেখ পূর্বক চুক্তিপত্র প্রদান করা এবং ক্লিনিক ও ডায়াগনষ্টিক সেন্টারের জন্য আলাদা আলাদা ভাবে লাইসেন্স রাখতে হবে। হোল্ডিং ১টি হলেও বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে পৃথক চুক্তিপত্র করতে হবে। সেক্ষেত্রে পৃথক পৃথক লাইসেন্স ও ফি নির্ধারন করতে হবে। সভায় উপস্থিত স্যানিটারী ইন্সপেক্টর জানান পৌরসভার ০৩টি বাজারে (বড় বাজার, কেদারগঞ্জ বাজার ও রেল বাজার) ফেব্রুয়ারী-২০২৫ ইং মাসে গরু জবেহ করা হয় ২১০টি, ছাগল ১২৯৭টি। | ক্লিনিকি ও ডায়াগনষ্টিক সেন্টারের ক্ষেত্রে হোল্ডিং ১টি হলেও বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে পৃথক চুক্তিপত্র করতে হবে। সেক্ষেত্রে পৃথক পৃথক লাইসেন্স ও ফি নির্ধারন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় | সেনেটারী ইন্সপেক্টর |
| ০৮ | খ) টিকাদান কর্মসুচী সর্ম্পকে আলোচনা:-<br><br>খ) সভায় টিকাদান কর্মসুচি সম্পর্কে জানতে চাইলে টিকাদান সুপারভাইজার জনাব মোঃ আলী হোসেন ফেব্রুয়ারী/২০২৫ মাসে কাজের বিবরণ অত্র সভায় পেশ করেন। বিবরনঃ- বিসিজি-৩৬৩টি, পেন্টা-১, ৩১২টি, পেন্টা-২, ৩৩৬টি, পেন্টা-৩, ২৯৬টি, পোলিও-১, ৩১২টি, পোলিও-২, ৩৩৬টি, পোলিও-৩, ২৯৬টি, পিসিভি-১, ৩১২টি, পিসিভি-২, ৩৩৬টি, পিসিভি-৩, ২৯৬টি, এম আর-১, ১৩৮টি, এম আর-২, ২১৩টি, আইপিভি-১, ৩১২টি, আইপিভি-২, ২৯৬টি, টিডি- ১, ৭৯টি, টিডি-২, ১২৩টি, টিডি-৩, ১১১টি, টিডি-৪, ১১২টি, টিডি-৫, ১১৭টি প্রদান করেন। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমীন আক্তার টিকাদান কার্যক্রমের কাজ গুরুত্ত সহকারে পালনের জন্য সবাইকে দিক নির্দেশনা দেন। পরিশেষে কমিটির সিদ্ধান্ত অনুযায়ী টিকাদান কর্মসূচীর আওতায় টিকা কার্যক্রমের ক্ষেত্রে সরকারি বিধি মোতাবেক সংশ্লিষ্ট সকলকে সঠিক ভাবে দায়িত্ব পালনের পাশাপাশি টিকা কেন্দ্রে আগত অভিভাবকগণকে ৪৫ দিনের মধ্যে | টিকাদান কার্যক্রমের কাজ গুরুত্ত সহকারে পালনের জন্য সবাইকে দিক নির্দেশনা দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | টিকাদান সুপারভাইজার |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | আবশ্যিকভাবে শিশুর জন্য নিবন্ধন নিশ্চিত করার পরামর্শ প্রদানের জন্য পুনরায় টিকাদান সুপারভাইজারকে নির্দেশনা প্রদান করেন। | | |
| | **গ) ময়লা-আবর্জনা, পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম জোরদার বিষয়ে আলোচনা:**<br><br>সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার বলেন ২৬শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষে স্বাধীনতা দিবসের অনুষ্ঠান স্থল সহ শহরের প্রধান প্রধান সড়ক নিয়মিত দুইবেলা পরিস্কার পরিচ্ছন্ন করার জন্য কঞ্জারভেন্সী শাখাকে নির্দেশনা দেন। সভায় উপস্থিত জনাব মোঃ আমিনুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও কার্যসম্পাদনে সহায়ক সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা পৌর এলাকার মধ্যে রাস্তা, ড্রেন, ফুটপথ যথাযথ ভাবে পরিস্কার করার প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক ২৬শে মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষে পৌর এলাকার ময়লা আবর্জনা দ্রুত সময়ের মধ্যে পরিস্কার করা। | পৌর এলাকার ময়লা আবর্জনা দ্রুত সময়ের মধ্যে পরিস্কার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কঞ্জারভেন্সী শাখা |
| ০৯ | **পানি শাখার কার্যাবলী প্রসঙ্গে আলোচনা:**<br><br>সভায় উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী দায়িত্ব প্রাপ্ত (পানি) শাখা নিম্ন আকারে ফেব্রুয়ারী/২৫ মাসের কাজের প্রতিবেদন অত্র সভায় দাখিল করেন। নতুন সংযোগ ১৫টা, পুনঃ সংযোগ ০১টা, ডায়া উন্নয়ন ০০ টা, নাম পরিবর্তন ০১টা, স্থান পরিবর্তন-০০টা, ডায়া কর্তন-১৪টা (খেলাপি গ্রাহক), ২৪-২৫ অর্থ বছরে জুন/২৫ পর্যন্ত মোট দাবী=২,৮৬,৬১,৬৩৭/-টাকা। ফেব্রুয়ারী'২০২৫ইং পর্যন্ত মোট আদায় =১,৮১,৯৭,৯০৪/-টাকা, বকেয়া দাবী=৪৭,২০,৭০৪/-টাকা, ফেব্রুয়ারী'২০২৫ মাসে বকেয়া সহ আদায়=২৩,২৮,২০৮/-টাকা। কম্পিউটার/লেজার পোষ্টিং ৫৪১৩ টা ভাঃ, মোট পানির গ্রাহক সংখ্যা ৭৮৪৪ (কর্তন ১১৭২) মোট মটর গ্রাহক সংখ্যা ১১৭৮ টা। সভায় উপস্থিত পৌর প্রশাসক জনাব শারমিন আক্তার পানি শাখার কার্যক্রম আরও গতিশীল করার জন্য পানি শাখার দায়িত্বরত প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামানকে নির্দেশনা দেন। | পানি শাখার কার্যক্রম গতিশীল করার জন্য পানি শাখায় কর্মরত সবাইকে আরও দায়িত্বশীল হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপ-সহাকারী প্রকৌশলী |
| ১১ | বিবিধ:-<br>ক) পৌর সুপার মার্কেট বরাদ্দ সহ নীচের বাজারের ৫১টি দোকান সংক্রান্ত বিষয়ে আলোচনা:<br>পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বলেন, পৌর সুপার মার্কেট ও নীচের বাজারের ৫১টি দোকান অতিসত্বর বরাদ্দ দেওয়া প্রয়োজন। সেক্ষেত্রে সিএস, এসএ ও আর এস খতিয়ান মোতাবেক ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত হয়। | ক) বিধি মোতাবেক পৌর সুপার মার্কেট এর বরাদ্দ প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন বিভাগ |
| | খ) পৌর ভেকুট্যাক (মল ফেলা) গাড়ীর ভাড়া প্রসঙ্গে আলোচনা:<br>পৌর প্রশাসক জনাব, শারমিন আক্তার বলেন পৌর এলাকার মধ্যে সেফটি ট্যাংক পরিস্কারের ক্ষেত্রে বর্তমান ভাড়া প্রতিটিপ ২,৫০০/- টাকার স্থলে ৩,০০০/-(তিন হাজার) টাকা ও পৌরসভার বাহিরে বর্তমান ভাড়া প্রতিটিপ ৪,০০০/-(চার হাজার) টাকা নির্ধারন করার প্রস্তাব করেন। প্রস্তাব মোতাবেক সভায় উপস্থিত সকলের সম্মতিক্রমে তাহা বাস্তবায়নের সিদ্ধান্ত হয়। | খ) ভেকুট্যাক ভাড়া প্রতিটিপ ২,৫০০/- টাকার স্থলে ৩,০০০/-(তিন হাজার) টাকা ও পৌরসভার বাহিরে বর্তমান ভাড়া প্রতিটিপ ৪,০০০/-(চার হাজার) টাকা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচ্ছন্নতা শাখা |
| | গ) পৌর পাবলিক লাইব্রেরীর হাজিরা ভিত্তিক কর্মচারী জনাব মোঃ মনিরুল আজম কে ০১(এক) মাসের বেতন পরিশোধ পূর্বক অব্যাহতি প্রদানের বিষয়ে সিদ্ধান্ত হয়। | গ) জনাব মোঃ মনিরুল আজম কে ০১(এক) মাসের বেতন পরিশোধ পূর্বক অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব শাখা |

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ঘ) কেয়ার এন্ড কিউর এর বিদ্যুৎ ষ্টেশনের এইচ টি লাইন নেওয়ার আবেদনের বিষয়ে আলোচনা:<br>মিজান টাওয়ার ভবনে প্রতিষ্ঠিত কেয়ার এন্ড কিউর হোল্ডিং নং-০৮০৮-০৩, সিনেমা হল পাড়া'র বিদ্যুৎ ষ্টেশনের এইচ টি লাইন নেওয়ার জন্য ডাঃ মোঃ মিজানুর রহমান ২৭-০২-২৫ ইং তারিখে আবেদন করলে তাহার আবেদনের প্রেক্ষিতে বর্ণিত বিষয়ে আলোচনা হয়। আলোচনান্তে তার আবেদনের প্রেক্ষিতে সরেজমিনে পরিদর্শন পূর্বক মতামতসহ প্রতিবেদন দেওয়ার জন্য পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব, মোঃ আনিছুজ্জামানকে নির্দেশনা দেওয়া হয়। বর্ণিত লাইন সংশ্লিষ্ট কাজের অনাপত্তি গ্রহনের পূর্বে বিল্ডিং কোর্ডের বিধান সাপেক্ষে পৌর ভূমি ব্যবহারের অনুমতি প্রদানের জন্য ২৫,০০০/-(পঁচিশ হাজার টাকা) পৌর তহবিলে জমা প্রদানের তৎপ্রেক্ষিতে বিধি অনুযায়ী শর্তসাপেক্ষে বর্ণিত বিদ্যুৎ ষ্টেশন নির্মানের অনাপত্তি প্রদান করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত হয়। | ঘ) বিল্ডিং কোর্ডের বিধান সাপেক্ষে পৌর ভূমি ব্যবহারের অনুমতি প্রাপ্তির জন্য পৌর তহবিলে ২৫,০০০/-(পঁচিশ হাজার টাকা) জমা প্রদান পূর্বক বিধি অনুযায়ী শর্তসাপেক্ষে বর্ণিত বিদ্যুৎ ষ্টেশন নির্মানের অনাপত্তি প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয় | প্রশাসন বিভাগ |
| | ঙ) স্থানীয় সরকার বিভাগ পৌর-২ শাখা হতে ০৪/০৬/২০২৪ তারিখের ১৯-৫৬৭ নং স্মারকে ২০২৩-২৪ অর্থ বছরের উন্নয়ন বাজেটে পৌরসভা সমূহের জন্য ''তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংক্রান্ত'' উপখাতে বরাদ্দকৃত ৯.৪৩ লক্ষ (নয় লক্ষ তিতাল্লিশ হাজার) টাকার মালামাল ক্রয় বিষয়ে আলোচনা:<br>সভায় উপস্থিত পৌরসভার উপ-সহকারী প্রকৌশলী জনাব মোঃ আনিছুজ্জামান বলেন দাপ্তরিক স্বার্থে পৌরসভার অটোমেশন/ক্যাশলেস ট্রানজ্যাকশন কার্যক্রম এলজিইডি কর্তৃক প্রদত্ত ওয়েববেইজড সফটওয়্যার অনুযায়ী শুরু করার নিমিত্ত যাবতীয় ব্যয় এবং আইসিটি সংক্রান্ত অন্যান্য উন্নয়ন ব্যয় নির্বাহের জন্য ৯.৪৩ লক্ষ (নয় লক্ষ তিতাল্লিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে। পৌর সংশ্লিষ্ট বিভিন্ন শাখার নৈমিত্তিক কার্য সম্পাদানের নিমিত্ত জরুরী ভিত্তিতে নিম্নলিখিত মালামমাল ক্রয় আবশ্যক মর্মে পৌরসভার সহকারী প্রকৌশলী জনাব মোঃ হাফিজুর রহমান কাওছার জানান। তিনি বলেন নিন্মোক্ত মালামাল RFQ এর মাধ্যমে ক্রয় করা যেতে পারে। সভায় উপস্থিত পৌর নির্বাহী কর্মকর্তা জনাব এস এম রেজাউল করিম বলেন বরাদ্দকৃত টাকা দিয়ে আদায় শাখায়: প্রিন্টার ২১৯০ ইপসন ০১টি, প্রিন্টার ইপসন-২১৯০ সার্ভিসিং সহ হেড ১টি, মনিটর ২২ ইঞ্চি এইচ পি ১টি, মাউস এ ৪ টেক ১টি, কি-বোর্ড ১টি, পানি শাখা: প্রিন্টার ২১৯০ ইপসন ০১টি, প্রিন্টার ইপসন-২১৯০ সার্ভিসিং সহ হেড ১টি, ২২ ইঞ্চি এইচ পি ১টি, প্রিন্টার ইপসন-৩১০ সার্ভিসিং সহ হেড ২টি, হিসাব শাখা: লেজার ৬০৩০ ক্যানন প্রিন্টার ০১টি, ২২ ইঞ্চি এইচ পি ১টি, ইউপিএস-৬৫০ভিএ ১টি, লাইসেন্স শাখা: মনিটর ২২ ইঞ্চি এইচ পি ১টি, প্রিন্টার ৩২১০ইপসন ১টি, ইউপিএস-৬৫০ভিএ ১টি, প্রিন্টার ইপসন-২১৯০ সার্ভিসিং সহ হেড ২টি, প্রিন্টার ২১৯০ ইপসন ০১টি, ডিজিটাল সেন্টার: প্রিন্টার এল ১৩০ ইপসন ১টি, সাধারণ শাখা: প্রিন্টার এল ১৩০ ইপসন ১টি, প্রিন্টার ইপসন-৩২১০ (উপ-সহকারী প্রকৌশলী) ১টি এবং ফটোকপি মেশিন ২৫২৮ তোসিবা ১টি। উপরোক্ত মালামাল RFQ পদ্ধতিতে ক্রয় করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ঙ) ২০২৩-২৪ অর্থ বছরের উন্নয়ন বাজেটে পৌরসভা সমূহের জন্য ''তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সংক্রান্ত'' উপখাতে বরাদ্দকৃত ৯.৪৩ লক্ষ (নয় লক্ষ তিতাল্লিশ হাজার) টাকার কম্পিউটারাইজড মালামাল RFQ পদ্ধতিতে ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলের সু-স্বাস্থ্ ও মঙ্গল কামনা সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

20/08/25

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা

স্মারক নং-চুয়াঃ পৌঃ/২০২৫/৬১৬

তারিখ: ২০/০৪/২০২৫ খ্রি.

➢ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো:-

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৩। জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা
৪। প্রকল্প পরিচালক IUGIP এলজিইডি ভবন, শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
৫। জনাব.............................................................................................সদস্য, চুয়াডাঙ্গা পৌরসভা।

20/08/25

(শারমিন আক্তার)
প্রশাসক
চুয়াডাঙ্গা পৌরসভা